



২৬ শে জানুয়ারী ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

সংবাদ সংগ্রহের সময় ঢাকার শাহবাগে দুই সাংবাদিকের উপর পুলিশী নির্যাতনের ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) তীব্র নিন্দা জানাচ্ছে

আজ ২৬ জানুয়ারি ২০১৭ বেলা পৌনে ২টার দিকে রামপালে বিদ্যুৎকেন্দ্র বিরোধী হরতালের সংবাদ ও ছবি সংগ্রহ করার সময় দুই সাংবাদিককে শাহবাগ থানার পুলিশ নির্যাতন করে। বিভিন্ন সংবাদ মাধ্যমে এ সংবাদ প্রকাশিত হয়েছে। উক্ত ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে।

কোন নাগরিককে এই ধরনের নির্যাতন বাংলাদেশের সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাবে না।

ব্লাস্ট এই ন্যাক্কার জনক ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd